যুগান্তর

তারিখ 09 AUG 2015
পৃষ্ঠা 2 কলাম 2

### আইডিয়াল স্কুল ও কলেজ

# বর্ধিত ফি বাতিলের দাবিতে আলটিমেটাম

যুগান্তর রিপোর্ট

আইডিয়াল স্কুল ও কলেজের গভর্নিং বডিকে (জিবি) এক সপ্তাহের আলটিমেটাম দিয়েছেন অভিভাবকরা। শনিবার প্রতিষ্ঠানের প্রধান ক্যাম্পাসে জিবির সঙ্গে নেতৃস্থানীয় অভিভাবকদের এক সভায় এ আলটিমেটাম দেয়া হয়। আলটিমেটাম অনুযায়ী, ১৫ আগস্টের মধ্যে বর্ধিত ২০০ টাকা টিউশন ফি প্রত্যাহার করতে হবে। না হলে ১৬ আগস্ট স্কুলের প্রধান ক্যাম্পাস ও শাখাগুলোতে ধর্মঘট পালন করা হবে। ওইদিন অভিভাবকরা তাদের সন্তানদের স্কুলে পাঠাবেন না। ওইদিন কেউ স্কুলের টিউশন ফিও জমা দেবেন না।

২ আগস্ট অনুষ্ঠিত প্রতিষ্ঠানের জিবির বৈঠকে সব শিক্ষার্থীর টিউশন ফি ২০০ টাকা করে বাড়ানোর সিদ্ধান্ত নেয়া হয়। জিবির সদস্য জাহিদুল ইসলাম টিপু যুগান্তরকে জানান, নতুন পে-স্কেলের কারণে শিক্ষকরা বর্ধিত বেতন দাবি করেছেন। ওই দাবি মেটাতে হলে প্রচুর টাকা দরকার। কিন্তু স্কুলের তহবিলে তা নেই। এ কারণে শিক্ষার্থীদের টিউশন ফি বাড়িয়ে এ দাবি মেটাতে চেয়েছেন তারা।

আইডিয়ালে মোট ২০ হাজার শিক্ষার্থী। ২০০ টাকা করে বাড়তি টিউশন ফি নিলে এ এক খাতেই প্রতি মাসে ৪০ লাখ টাকা বাড়তি আয় হবে।

ওই সিদ্ধান্ত প্রকাশ হয়ে পড়লে অভিভাবকরা সংঘবদ্ধ হয়ে ৫ আগস্ট মতিঝিলের প্রধান ক্যাম্পাস ও অন্য শাখাগুলোতে বিক্ষোভ করে। এমনকি বনশ্রীতে স্কুলের সামনের সড়ক অবরোধ করেন অভিভাবকরা। এভাবে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে জিবি শনিবার নেতৃস্থানীয় অভিভাবকদের নিয়ে বৈঠকে মিলিত হয়। এ বৈঠকে সভাপতিত্ব করেন জিবি সদস্য গোলাম আশরাফ তালুকদার। অপর সদস্য জাহিদুল ইসলাম টিপু অনুষ্ঠান পরিচালনা করেন এবং মারুফ আহমেদ মনসুর এতে বক্তৃতা করেন। বিপরীত দিকে আইডিয়াল স্কুল ফোরামের চেয়ারম্যান জিয়াউল কবীর দুলুর নেতৃত্বে শতাধিক অভিভাবক এতে যোগ দেন।